

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১২-০৫-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৯-০৫-২০২২ থেকে ১১-০৫-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

### ০৯ ই মে:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, পুরুলিয়া ও দক্ষিণ ২৪ পরগনা জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### ১০ ই মে:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অতি হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

## উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

কাকদ্বীপ -৮; সল্টলেক, কলকাতা (আলিপুর), কল্যাণী, চম্পাসারি -৫; শিলিগুড়ি -৪; কাঁথি, ক্যানিং, বাগাতি, ব্যারাকপুর, বসিরহাট, গজলডোবা -৩; কাকদ্বীপ, দমদম, ঘেরপাড়া, বাগরাকোট-২, হরিণখোলা, বাড়গ্রাম, উলুবেড়িয়া, ডায়মন্ড হারবার, বর্ধমান, দোমোহানী- ১

### ১১ই মে:

হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় অতি ভারী থেকে ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার কয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় ও হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার

অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

গজলডোবা-১২; মূর্তি-৯; নেওরা-৮; নাগরাকাটা-৭, শিলিগুড়ি -৬; কলকাতা (আলিপুর), বক্সাদুয়ার- ৫, , ডায়মন্ড হারবার, শ্রীনিকেতন -৩, দুর্গাপুর, বাগাতি, ঘেরপাড়া, বাগরাকোট, হাসিমারা, কবি, সেবক, বাগডোগরা -২; সন্টলেক, দীঘা, মেদিনীপুর , উলুবেড়িয়া, দমদম, লালগড়, বাঁকুড়া, বর্ধমান, লুচিপুর, মোহনপুর, বসিরহাট, দার্জিলিং, মাজিতার- ১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৫৮ থেকে ৮৫ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৮ থেকে ৮৫ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ১১ ই মে আসানসোলে ৩৫.৭ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (১৩-০৫-২০২২ থেকে ১৫-০৫-২০২২ অবধি ) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

### দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

### দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া , বীরভূম , মুর্শিদাবাদ জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ

বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

### দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### সতর্কীকরণ:

#### দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার ও কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের এবং দার্জিলিং, কালিম্পাও ও জলপাইগুড়ি জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় ঘন্টায় ৪০-৫০ কিমি বেগে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ঘন্টায় ৩০-৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

#### দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া ও বীরভূম জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

#### দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১২-০৫-২০২২